

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৩টি প্রতিষ্ঠানকে ১.৫৮ লক্ষ টাকা জরিমানা

৩০ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গাজীপুর, রাজশাহী, নোয়াখালী ও চট্টগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর খানমন্ডি এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে যমুনা ফার্মেসীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে খাবার দাবার রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Suzuki Coffe, কুটুমবাড়ী ও The Oriental Sky Lounge কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনী কর্তৃক জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Shwapna কে ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় ৫টি প্রতিষ্ঠানকে ৭৩,০০০/- (ত্ৰিশহাজার হাজার) টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগর এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুরের জয়দেবপুর বাজার এলাকায় ৬টি প্রতিষ্ঠানকে ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা এবং নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালীর সেনবাগ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকাসহ মোট ১,১২,৫০০/- (এক লক্ষ বার হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৮টি বাজার তদারকিতে ২৩টি প্রতিষ্ঠানকে মোট ১,৫৮,৫০০/- (এক লক্ষ আটান্ন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানার টাকা হতে ৫ জন অভিযোগকারীদেরকে মং ৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২৪ মে ২০১৬ তারিখে জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আগোরা রহিম আফরোজ সুপার স্টোর লিঃ কে ১,০০০/- (এক হাজার) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে প্রিন্স বাজার লিঃ কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে হকস মাটকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৬,০০০/- (ষোল হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৪,০০০/- (চার হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, গাজীপুর, রাজশাহী, নোয়াখালী ও চট্টগ্রাম।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, গাজীপুর, রাজশাহী, নোয়াখালী ও চট্টগ্রাম।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।